# যুগান্তর

তারিখ ... 05 JUL 2010 ....
পৃষ্ঠা ... ২০ ... কলাম ... ৬ ......



যুগান্তর

নাম পরিবর্তনের প্রতিবাদে রোববার কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে টায়ারে আগুন জ্বালিয়ে শিক্ষার্থীদের বিক্ষোভ

## কুবির নাম বদল হচ্ছে না আজ থেকে ক্লাস শুরু

তবারক উল্লাহ কায়েস/মোঃ কামাল উদ্দিন, *কুমিল্লা থেকে*

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের (কুবি) নাম পরিবর্তন করে কুমিল্লা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে রূপান্তরিত করা হচ্ছে না। বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর ড. আমির হোসেন ঢাকায় শিক্ষামন্ত্রীর সঙ্গে টেলিফোনে আলাপ করে এ বিষয়ে নিশ্চিত হয়েছেন। শিক্ষামন্ত্রীর সঙ্গে আলাপকালে তাকে জানানো হয়, কুমিল্লা বিশ্ববিদ্যালয়কে কুমিল্লা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে রূপান্তর করা হচ্ছে

বদল : পৃষ্ঠা ১৯ : কলাম ৪

## বদল : কুবির নাম

(শেষ পৃষ্ঠার পর)

না। কুমিল্লা বিশ্ববিদ্যালয়কে বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে রূপান্তর করার সিদ্ধান্তের প্রতিবাদে রোববার সকালে ক্যাম্পাসে ক্লাস ও পরীক্ষা বর্জন করে বিক্ষোভ করেছে শিক্ষার্থীরা। তারা ঘোষণা দেয়, বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এ বিষয়ে সঠিক সিদ্ধান্ত না জানানো পর্যন্ত সব ক্লাস ও পরীক্ষা বর্জন এবং আন্দোলন অব্যাহত থাকবে। আন্দোলনরত ছাত্রছাত্রীরা ক্যাম্পাসের মূল গেটে টায়ারে আগুন জ্বালিয়ে দেয় এবং ক্যাম্পাস এলাকায় সব ধরনের যানবাহন চলাচল বন্ধ করে দেয়। পরে তারা দফায় দফায় ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল করতে থাকে। বেলা ২টায় ছাত্রছাত্রীদের ৪ প্রতিনিধি মাসুম, অর্ণব, শাওন ও নোমান দেখা করে ভিসি প্রফেসর ড. আমির হোসেনের সঙ্গে। বৈঠকে ভিসি তাদের শিক্ষামন্ত্রীর সঙ্গে টেলিফোনে আলাপের কথা জানান। ওই সময় বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রারসহ বিভিন্ন বিভাগের প্রধানরা উপস্থিত ছিলেন। এর পরিপ্রেক্ষিতে আগামীকাল সকাল থেকে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে যথারীতি ক্লাস ও পরীক্ষা অনুষ্ঠিত হবে। জানা যায়, ৬০ দশকে কুমিল্লায় একটি পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার উদ্যোগ গ্রহণ করা হলে নানা কারণে তা বিলম্বিত হতে থাকে। ২০০৬ সালের ৭ ফেব্রুয়ারি খালেদা জিয়া কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। একই বছরের ৮ মে জাতীয় সংসদে 'কুমিল্লা বিশ্ববিদ্যালয় আইন' পাস হয়, যা ২৮ মে থেকে কার্যকর হয়। ২৯ মে কুমিল্লা বিশ্ববিদ্যালয় আইনের গেজেট প্রকাশিত হয়। বর্তমানে ৫০ একর এলাকায় স্থাপিত এই বিশ্ববিদ্যালয়ে ১১টি বিভাগের ৪টি ব্যাচে প্রায় ২ সহস্রাধিক ছাত্রছাত্রী অধ্যয়নরত। কুবি বিগত জোট সরকারের আমলে প্রতিষ্ঠিত, তাই বর্তমান সরকার ক্ষমতায় এসে এর নাম পরিবর্তনের জন্য তৎপর হয়ে ওঠে। চলতি বছরের ২৭ ফেব্রুয়ারি শিক্ষা উপদেষ্টা ড. আলাউদ্দিন আহম্মদ কুবির আবাসিক হল উদ্বোধন করতে এসেও এর নাম পরিবর্তনের ইঙ্গিত দেন। কুমিল্লা সদর-৬ আসনের এমপি হাজী আ.ক.ম. বাহাউদ্দিন বাহার জাতীয় সংসদে কুমিল্লা বিশ্ববিদ্যালয়কে বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এবং কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজকে পাবলিক বিশ্ববিদ্যালয়ে রূপান্তরিত করার প্রস্তাব উপস্থাপন করেন। এরই ধারাবাহিকতায় সরকার কুবিকে বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে রূপান্তরের প্রক্রিয়া শুরু করে। নাম পরিবর্তনের মাধ্যমে কুবির শিক্ষা কার্যক্রম সংকুচিত করার সরকারি এ প্রচেষ্টাকে প্রতিহত করতে কুবির শিক্ষার্থী ও শিক্ষকরা কঠোর আন্দোলনে যাওয়ারও প্রস্তুতি নিচ্ছিলেন।